গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বগুড়া

এবং

মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র



| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions) | ৫ |
| সেকশন ২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬-৯ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১২-১৩ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া

এবং

মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর মধ্যে ২০১৮ সালের মে মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয় বগুড়া এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department of ICT, District office, Bogra)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**আইসিটি অধিদপ্তরের সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ (রূপকল্প-২০২১) এর মূল উদ্দেশ্য ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে জ্ঞান ও তথ্যপ্রযুক্তি নির্ভর মধ্যম আয়ের দেশ হিসেবে গড়ে তোলা। সে লক্ষ্যে সকল জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার, মাঠ পর্যায়ে নেটওয়ার্ক কানেকটিভিটি সম্প্রসারন ও প্রয়োগ নিশ্চিতকরণ, সমন্বয় সাধন ও টেকসই উন্নয়নের জন্য গত ৩১ জুলাই, ২০১৩ সালে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গঠন করা হয়। অধিদপ্তর লক্ষ্য অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে দেশের সকল জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায় পর্যন্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, সমন্বয় সাধন ও টেকসই উন্নয়নের মাধ্যমে জনগণের দোরগোড়ায় ইলেক্ট্রনিক পদ্ধতিতে সেবা পৌঁছে দিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে জেলা ও উপজেলা পর্যায়ে অধিদপ্তরের ৬৪টি জেলা কার্যালয় এবং ৪৮৮টি উপজেলা কার্যালয় স্থাপন করা হয়েছে। গত ০৮/০৭/২০১৫ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ জেলা ও উপজেলা কার্যালয়ে ২০০ জন ১ম শ্রেণীর আইসিটি কর্মকর্তাকে পদায়ন করা হয়। তন্মধ্যে ১৯৫ জন্য কর্মকর্তা যোগদান করেছেন। ২০১৫-১৬ অর্থবছরে “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় বগুড়া জেলায় ০১টি ভাষা শিক্ষা ল্যাবসহ ৪৯টি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৪৯টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব (কম্পিউটার ল্যাব) স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে প্রকল্পের মাধ্যমে জেলায় নতুন ১৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন এবং ০১ টি প্রাথমিক বিদ্যালয়ে ০১টি শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম স্থাপন করা হয়েছে। চলতি ২০১৭-১৮ অর্থবছরে এই প্রকল্পের মাধ্যমে নতুন আরও শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন এবং শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম স্থাপন কার্যক্রম চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

২০১৮-১৯ অর্থ বছরের মধ্যে জেলা কার্যালয় ও জেলাস্থিত উপজেলাসমূহে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল প্রাপ্তি। টিওএন্ডইভুক্ত সকল যানবাহন, মালামাল ও অফিস সরঞ্জাম ক্রয়/সংগ্রহ। জেলা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি/ই-সার্ভিস এর উপর প্রশিক্ষণ আয়োজন এবং প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রয়োজনীয় বাজেট প্রাপ্তি। উপজেলা পর্যায়ে আইসিটি হাব স্থাপনের জন্য জমি অধিগ্রহণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জেলা পর্যায়ে সকল সরকারি দপ্তর/প্রতিষ্ঠানে আইসিটির ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধনের মাধ্যমে ই-গভর্নেন্স বাস্তবায়ন। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব কেন্দ্রিক গঠিত আইসিটি ক্লাব এর সদস্যদের আইসিটিতে সচেতনতা বৃদ্ধি ও প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং ক্লাবের সদস্যদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে ফ্রীলান্সিং -এ উদ্বুদ্ধকরণ। এছাড়া শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারে শিক্ষক/ছাত্রদেরকে উদ্বুদ্ধকরণ।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- জেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আইসিটি/ই-সার্ভিস এর উপর প্রশিক্ষণ প্রদান।
- জেলা পর্যায়ের সরকারী অফিসসমূহের তথ্য বাতায়ন হালগাদকরণ।
- জেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ই-নথি কার্যক্রম সফল করা।
- টিওএন্ডই অনুযায়ী সকল অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়/সংগ্রহ সম্পন্নকরণ।
- জেলায় স্থাপিত কম্পিউটার ল্যাবসমূহ সচল ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পরিদর্শন ও তদারকী।
- শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের ক্ষেত্রে মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহারের প্রচলন বৃদ্ধিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান ও ইতিবাচক প্রভাব আনয়ন।
- জেলা ও উপজেলায় উন্নয়ন মেলা আয়োজন।
- জেলা ও উপজেলায় জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস উদ্‌যাপন।
- জেলা পর্যায় আইসিটি বিষয়ক সভা/সেমিনার/ওয়ার্কশপ আয়োজন।
- জেলা ও উপজেলা পর্যায় নেটওয়ার্ক কানেকটিভিটি তদারকি, ট্রাবলশুটিং এবং আইসিটি বিষয়ক পরামর্শ ও সাপোর্ট প্রদান।

## সেকশন ১

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), ও জেলা কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

জনগণের দোরগোড়ায় ই-সার্ভিস এর মাধ্যমে জ্ঞান-ভিত্তিক অর্থনীতি, সু-শাসন ও টেকসই উন্নতি নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

উচ্চ গতির ইলেক্ট্রনিক্স যোগাযোগ, ই-সরকার, দক্ষ তথ্য প্রযুক্তি মানবসম্পদ উন্নয়ন, সাইবার নিরাপত্তা, তথ্য প্রযুক্তিগত নিত্য-নতুন ধারণা বাস্তবায়ন, কার্যকর সমন্বয়সাধন, প্রযুক্তিগত ধারণা সকলের মাঝে বিস্তার নিশ্চিতকরণ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো, নির্ভরযোগ্য রক্ষণাবেক্ষণ পদ্ধতি এবং আকর্ষণীয় তথ্য প্রযুক্তি সার্ভিস প্রতিষ্ঠা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. ই-গভন্যান্স প্রতিষ্ঠায় সহায়তা
২. আইসিটি ব্যবহারে সচেতনতা বৃদ্ধিকরণ
৩. মানব সম্পদ উন্নয়ন

### ১.৪ কার্যাবলী (Functions):

১. সরকারের জেলা পর্যায়ে আইসিটি'র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধন।
২. জেলা পর্যায় পর্যন্ত সকল দপ্তরে আইসিটি'র উপযুক্ত অবকাঠামো সৃষ্টিতে সহায়তা প্রদান, রক্ষণাবেক্ষণ এবং সাপোর্ট প্রদানে প্রধান কার্যালয়ের নির্দেশনা বাস্তবায়ন।
৩. জেলা পর্যায়ে তথ্য প্রযুক্তির কারিগরী ও বিশেষায়িত জ্ঞান হস্তান্তর।
৪. তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদানে উদ্যোগ গ্রহণ এবং এ বিষয়ে তথ্য সংগ্রহ, বিতরণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা।
৫. মাঠ পর্যায়ে যন্ত্রপাতি ইত্যাদির চাহিদা, মান ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ/যাচাই বিষয়ে সহায়তা প্রদান।
৬. কম্পিউটার নেটওয়ার্ক, হার্ডওয়্যার ও সফটওয়্যারের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন প্রণয়নের কাজে সহায়তা প্রদান।
৭. জেলা পর্যায়ে আধুনিক প্রযুক্তি আত্মীকরণে গবেষণা, উন্নয়ন ও সহায়তা প্রদান।

## সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ * | ২০১৭-১৮ | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | ২০১৯-২০ | ২০২০-২১ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **জেলা কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] ই-গভন্যান্স প্রতিষ্ঠা | ২১ | [১.১] জেলার সরকারি দপ্তরে দক্ষতা, দ্রুত সিদ্ধান্ত ও ইলেকট্রনিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ | [১.১.১] জেলার বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীকে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৭.০০ | - | ৫০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১৫০ | ১৫০ |
| | | [১.২] জেলার সরকারি বিভিন্ন দপ্তরে আইসিটি বিষয়ক পরামর্শ প্রদান | [১.২.১] আইসিটি বিষয়ক পরামর্শ প্রদানের সংখ্যা | সংখ্যা | ৭.০০ | ৮০ | ১০০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ৩০০ | ৩০০ |
| | | [১.৩] শেখ রাসেল ডিজিটাল ল্যাব/অন্যান্য ডিজিটাল ই-সার্ভিস কার্যক্রম পরিদর্শন | [১.৩.১] পরিদর্শনকৃত ল্যাবের সংখ্যা | % | ৭.০০ | | ১৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| [২] আইসিটি ব্যবহারে সচেতনতা বৃদ্ধিকরণ | ৪০ | [২.১] জনসাধারণকে আইসিটি ব্যবহারে সচেতন করার লক্ষ্যে জেলায় সভা/সেমিনার/ওয়ার্কশপ | [২.১.১] সভা/সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | সংখ্যা | ১০.০০ | - | ১ | ২ | ১ | | | | ২ | ২ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬- ১৭ * | ২০১৭-১৮ | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | ২০১৯-২০ | ২০২০-২১ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | | | | | | | | | | | | |
| | | [২.২] আইসিটি দিবস উদ্‌যাপন | [২.২.১] জেলা পর্যায়ে জাতীয় আইসিটি দিবস উদ্‌যাপন | তারিখ | ১০.০০ | | | ১২ ডিসেম্বর ২০১৮ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ৩০ জানুয়ারী ২০১৯ | | | | |
| | | [২.৩] উন্নয়ন মেলা আয়োজন | [২.৩.১] জেলা ও উপজেলায় উন্নয়ন মেলা আয়োজন | তারিখ | ১০.০০ | | | ৩১ জানুয়ারী২০১৯ | ২৮ ফেব্রুয়ারী২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ | | | |
| | | [২.৪] শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারে শিক্ষক/ ছাত্রদেরকে উদ্বুদ্ধকরণ বিষয়ক সভা/সেমিনার | [২.৪.১] জেলায় সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | সংখ্যা | ১০.০০ | | ১ | ১ | | | | | ২ | ২ |
| [৩] মানব সম্পদ উন্নয়ন | ১৯ | [৩.১] শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ICT বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণার্থী | সংখ্যা | ১০.০০ | - | - | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৭০ | ৭০ |
| | | [৩.২] জেলার সরকারি দপ্তরের কর্মকর্তাদের / কর্মচারীদের ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণার্থী | সংখ্যা | ৯.০০ | - | - | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ৩০ | ২০ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্টডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরীবিক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | | | |
| | | তথ্য বাতায়ন হালগাদকরণ | তথ্য বাতায়ন হালগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | |

আমি, প্রোগ্রামার (দায়িত্বে নিয়োজিত), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বগুড়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রোগ্রামার (দায়িত্বে নিয়োজিত), জেলা কার্যালয় বগুড়া, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

মোঃ আলমাহমুদ সরকার
সহকারী প্রোগ্রামার
(প্রোগ্রামার এর দায়িত্বে নিয়োজিত)
জেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বগুড়া

তারিখ
২৭/০৫/২০১৮ খ্রিঃ

এ কে এম খায়রুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

তারিখ
২৭/০৫/২০১৮ খ্রিঃ

## সংযোজনী ১

### শব্দসংক্ষেপ
### (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | ICT | Information and Communication Technology |
| ২ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনলজি (ICT) |
| ৩ | APA | Annual Performance Agreement (APA) |
| ৪ | এপিএ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি |
| ৫ | আইসিটি অধিদপ্তর | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ৬ | IT | Information Technology |

## সংযোজনী ২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১.১ | [১.১] জেলার সরকারি দপ্তরে দক্ষতা, দুত সিদ্ধান্ত ও ইলেকট্রনিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ | [১.১.১] জেলার বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীকে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | জেলার সরকারী অফিসের কর্মকর্তা/ কর্মচারীদের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অফিসের সেবাসমূহ প্রদানে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও রেকর্ড পত্রাদির ইলেকট্রনিক ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | সংখ্যা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |
| ১.২ | [১.২] জেলার সরকারি বিভিন্ন দপ্তরে আইসিটি বিষয়ক পরামর্শ প্রদান | [১.২.১] আইসিটি বিষয়ক পরামর্শ প্রদানের সংখ্যা | জেলার বিভিন্ন সরকারি দপ্তরে আইসিটি বিষয়ক পরামর্শ প্রদান | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | সংখ্যা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |
| ১.৩ | [১.৩] শেখ রাসেল ডিজিটাল ল্যাব/অন্যান্য ডিজিটাল ই-সার্ভিস কার্যক্রম পরিদর্শন | [১.৩.১] পরিদর্শনকৃত ল্যাবের সংখ্যা | পরিদর্শনকৃত ল্যাবের সংখ্যা | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | শতকরা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |
| ২.১ | [২.১] জনসাধারণকে আইসিটি ব্যবহারে সচেতন করার লক্ষ্যে জেলায় সভা/ সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | [২.১.১] সভা/সেমিনার /ওয়ার্কশপ আয়োজন | জেলার জনসাধারণকে আইসিটি ব্যবহারে সচেতন করার লক্ষ্যে সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন। | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | রিপোর্ট, সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |
| ২.২ | [২.২] আইসিটি দিবস উদ্‌যাপন | [২.২.১] জেলা পর্যায়ে জাতীয় আইসিটি দিবস উদ্‌যাপন | জেলা পর্যায়ে জাতীয় আইসিটি দিবস উদ্‌যাপন | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | তারিখ, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |
| ২.৩ | [২.৩] উন্নয়ন মেলা আয়োজন | [২.৩.১] জেলা ও উপজেলায় উন্নয়ন মেলা আয়োজন | দেশের আইসিটি সেক্টরে উল্লেখযোগ্য সফলতা সর্বস্তরে প্রচার/প্রকাশ ও সচেতনতা সৃষ্টি করণে জেলায় ও উপজেলায় উন্নয়ন মেলা আয়োজন করা | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | তারিখ, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |
| ২.৪ | [২.৪] শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারে শিক্ষক/ ছাত্রদেরকে উদ্বুদ্ধকরণ বিষয়ক সভা/সেমিনার | [২.৪.১] জেলায় সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | জেলায় ল্যাব ব্যবহারের উপর সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | রিপোর্ট, সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৩.১ | [৩.১] শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ICT বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণার্থী | শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ICT বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | সংখ্যা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |
| ৩.২ | [৩.২] জেলার সরকারি দপ্তরের কর্মকর্তাদের / কর্মচারীদের ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণার্থী | জেলার সরকারী অফিসসমূহের তথ্য বাতায়ন হালগাদকরণের লক্ষে সরকারি দপ্তরের কর্মকর্তাদের / কর্মচারীদের ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয় | সংখ্যা, জেলা কার্যালয় এর বার্ষিক প্রতিবেদন | |